# Chapter Five | Tense

Tense দ্বারা কোন ক্রিয়া সংঘটনের সময়কালকে বোঝায়।

**Tense তিন প্রকারঃ**
- Present Tense
- Past Tense
- Future Tense

**Present Tense চার প্রকারঃ**

**i. Present Indefinite Tense:** সাধারণভাবে কোনো ঘটনা ঘটে বোঝাতে Present Indefinite Tense ব্যবহৃত হয়।

**Structure:** Subject+ মূল Verb এর present form+ object+ বাকী অংশ।

**Present Indefinite Tense এর ব্যবহারঃ**
1.
Universal truth বা চিরন্তন সত্য বুঝাতে।

The earth rotates around the sun.

2. অভ্যাসগত কর্ম বুঝাতেঃ

She wakes up at 6 o'clock every morning.

3. ভবিষ্যতে কোন কাজ হবে বুঝাতে অনেক সময় এ tense ব্যবহৃত হয়ঃ

She leaves tomorrow morning.

4. Often, usually, sometimes, always, occasionally, on Fridays, twice, everyday, every week ইত্যাদি শব্দ বা phrase এর সাথেঃ
Muslims go to mosque everyday.

5. অতীতকালের কাজ বর্তমানের কাজ রূপে বুঝাতে।
Akbar wins the battle.

6. কোন বক্তা বা লেখকের উক্তি উদ্বৃত করতে।
Shakespeare says, “ Life is a tale told by an idiot.”

7. Newspaper এর Headline এ ব্যবহৃত হয়।
Police arrests the most wanted criminal.

8. Conditional Sentence এ ব্যবহৃত হয়।
If Tanu writes a book, I will surely read it.

9. যদি Subordinate clause until, as soon as, when, before ইত্যাদি Conjunction দ্বারা শুরু হয় এবং তা যদি ভবিষ্যত কালের অর্থ বুঝায় তবে Principle Clause এর Verb ভবিষ্যত কালের হলেও এ Tense ব্যবহৃত হয়।

I will wait until she leaves.

10. যে সমস্ত Verb (যেমন- love, see, believe, understand, feel, seem, look, hear, smell, taste, think, expect, assume ইত্যাদি) এর continuous form এ ব্যবহৃত হতে পারে না সে সমস্ত Verb গুলি Present continuous এর পরিবর্তে Present Indefinite এ ব্যবহৃত হয়।

I hear a bird.

**ii. Present Continuous Tense:** সাধারণভাবে কোনো ঘটনা ঘটে বোঝাতে Present Indefinite Tense ব্যবহৃত হয়।

**Structure:** Subject + am/is/are + মূল verb এর শেষে ing + object+ বাকী অংশ।

**Present Continuous Tense এর ব্যবহারঃ**
1.ভবিষ্যতকালের অর্থ বুঝাতে।

He is coming tomorrow.

2. কোন কাজ পূর্বে শুরু হয়ে বর্তমান কালেও কিছু সময় চলা বুঝাতেঃ

He is studying for his examinations.

3. বিরক্তি বা অস্বস্তি বুঝাতে প্রায় পুনঃ পুনঃ ঘটছে এমন কোন কাজের ক্ষেত্রে always এবং continually এর সাথেঃ

You are continually missing deadlines.

4. পরিবর্তনশীল অবস্থা (Changing situations) বুঝাতেঃ

Bangladesh is becoming a sustainable country.

5. Today, this season, this year ইত্যাদি বুঝাতেঃ

We are going to Bandarban this holiday season.

6. বক্তার বলার সময় কোন কাজ চলছে কিন্তু ঠিক বলার মূহুর্তে নয় (not at the time of speaking) বুঝাতেঃ

The bird is singing outside.

**iii. Present Perfect Tense:** কোনো ঘটনা ঘটে গেছে, কিন্তু তার ফলাফল এখনো বর্তমান বোঝাতে Present Perfect Tense ব্যবহৃত হয়।

**Structure:** Structure: Subject + has/have + মূল verb এর Past Participle form + object+ বাকী অংশ।

**Present Perfect Tense এর ব্যবহারঃ**
1.অতীত ঘটনার ফল এখনও বর্তমান রয়েছে বুঝাতেঃ

Our freedom fighters have fought for our liberation.

2. অতীত অনেক সময় ধরে কোন কাজ হয়েছে এবং এখনও সময়ের সমাপ্তি হয়নি এরূপ অর্থ প্রকাশ করতেঃ

We have stayed in Maldives for five days.

3. কোন Sentence এ just, just now, already, yet, never, ever, lately, recently ইত্যাদি Adverb এবং so far, up to now, up to the nearest ইত্যাদি Adverbial Phrase থাকলে Present Perfect Tense হয়।

She has just left the house.

4. অতীতে কোন কার্য সংঘটিত হয়েছে এবং তা বর্তমানে ঘটতে পারে এমন বুঝাতেঃ

I have seen insects in the garden.

5. চিঠিপত্রে Present Perfect Tense প্রায়ই ব্যবহৃত হয়ঃ

I have not heard from you in a while.

**iv. Present Perfect Continuous Tense:** কোনো কাজ অতীতে শুরু হয়ে বর্তমানেও চলছে বোঝাতে Present Perfect Continuous Tense ব্যবহৃত হয়।

**Structure:** Subject+ have been/ has been+ মূল Verb এর সাথে ing+ Extension

**Present Perfect Continuous Tense এর ব্যবহারঃ**
1. Present Perfect Continuous tense এর ক্ষেত্রে ব্যাপক সময় (Period of time) এর পূর্বে for এবং নির্দিষ্ট সময় (Point of time) এর পূর্বে since বসে।

It has been raining since morning.
I have been studied for five hours.

2. এ Tense এ স্থিতিশীলতার অর্থজ্ঞ্যাপক  (Static Nature) এর  Verb যেমনঃ stay, sit, stand, wait, study, lie, learn, rets, live, sleep, rain, work, teach ইত্যাদির ব্যবহারই বেশি। এ Verb গুলির কার্য তাদের প্রকৃতিগত কারণে আরম্ভ হয়ে বর্তমানে গড়ায়।

I have been working years for three years.

3. Present Perfect Tense এ পুনঃপুনঃ সংঘটিত কার্যকে Present Perfect Continuous এ প্রকাশ করা হয়।

I have been writing letters since morning.



**Past Tense চার প্রকারঃ**

**i. Past Indefinite Tense:** অতীতকালে সাধারণভাবে কিছু ঘটেছিল বোঝাতে Past Indefinite Tense ব্যবহৃত হয়।

**Structure:** Subject+ মূল Verb এর Past form+ Extension

**Past Indefinite Tense এর ব্যবহারঃ**
1.অতীতকালের দিন আরিখ বা সময়ের উল্লেখ থাকলে

Maahi came home yesterday.

2. Ago, since যুক্ত Sentence এঃ

Five years ago, I visited this place.

3. অতীতকালের কোন অভ্যাসগত কর্ম বুঝাতেঃ
In rainy season, she drank tea in the evenings.

4. কিন্তু অনিয়মিত অভ্যাস বুঝাতে Verb এর Present form এর পূর্বে would/ used to ব্যবহৃত হয়ঃ

I used to visit this bookstore.

5. বিনয়, ভদ্রতা বা অনুমোদন প্রকাশ করতে Present/Future Tense এর পরিবর্তেঃ

Could you give me some papers?

6. কোন সময় জানতে চাওয়া হলেঃ

When did you come?

7. সময়ের উল্লেখ না থাকা সত্ত্বেও কোন একটি নির্দিষ্ট সময়ে কোন কাজ সম্পন্ন হওয়া বুঝাতেঃ

The train left within 10 minutes of my arrival.

8. Unreal past এর ক্ষেত্রে as if, as though, it is time, it is high time, if, only, wish, would sooner, would rather এর পরঃ

She talked as though she had been a teacher.

9. অতীতে কোন কাজ চলছিল এরূপ বুঝাতে past Continuous এর পরিবর্তেঃ

While we shopped, father had lunch.

10. Since এর প্রথম অংশ Present Indefinite বা Present Perfect Tense এর হলে পরের অংশ Past Indefinite হয়।

It has been five months since I saw him.

11. আবার শেষের অংশ Past Perfect হলে প্রথম অংশ Past Indefinite হয়।

It was a while since we had last met.

**ii. Past Continuous Tense:** অতীতকালে সাধারণভাবে কিছু ঘটেছিল বোঝাতে Past Continuous Tense ব্যবহৃত হয়।

**Structure:** Subject+ was/were+ মূল Verb এর present form এর সাথে ing+ Extension

**Past Continuous Tense এর ব্যবহারঃ**

1. অতীত কালে কোন কাজ কিছু সময় ধরে চলতেছিল বুঝাতেঃ

The boy was playing in the field.

2. অতীতে একটি কাজ চলাকালীন সময়ে আর একটি কাজ সম্পাদিত হয়েছিল তবে যে কাজটি চলতেছিল সেটি বুঝাতে Past Continuous এবং অন্যটি Past Indefinite হয়ঃ

When we reached, Fariha was cleaning her house.

3. অতীতকালের দুটি কাজ একই সাথে চলতেছিল বুঝালে তবে দুটিরই Past Continuous Tense হয়।

Shefa was doing an assignment while I was cooking.

4. পুনঃপুনঃ সংঘটিত হচ্ছিল এরূপ অর্থে always, continually, for ever ইত্যাদি Adverb এর সাথেঃ

Harun was always calling me on my phone.

5. সদৃশ, অব্যাহত ও অবিরত কাজ বুঝালে today, last night, in the morning, in the afternoon ইত্যাদি সময়বাচক Expression এর সাথেঃ

I was making a bread in the morning.

6. Time expression বিহীন Sentence এ কোন কাজের gradual development বুঝাতেঃ

The nights are getting longer and the days are getting shorter.

7. কোন কিছুর বর্ণনা করতেঃ


That day, I was going to market to buy some groceries and it was raining.

8. Direct Speech এর Reporting Verb টি Past Tense এবং Reported Speech এর Verb টি Present Continuous Tense এ থাকলে Indirect করার সময় Present Continuous Tense টি Past Continuous এ রূপান্তরিত হয়।

Direct: Robi said, “I am cleaning my house.”
Indirect: Robi said that he was cleaning his house.

9. Present Continuous Tense এর ন্যায় Past Continuous Tense ও Definite future arrangement বুঝাতে ব্যবহৃত হয়ঃ

He was leaving the next morning.



**iii. Past Perfect Tense:** অতীতকালে কোনো ঘটনা ঘটে যাওয়ার পরও বলার মুহূর্তে তার ফলাফল বর্তমান ছিল বোঝাতে Past Perfect Tense ব্যবহৃত হয়।

**Structure:** Subject+ had+ মূল Verb এর Past Participle

**Past Perfect Tense এর ব্যবহারঃ**

1. That দ্বারা অতীতকালের দু'টি কার্যযুক্ত হলে সাধারণতঃ that এর পরবর্তী verb এর Past Perfect Tense হয়।

Farabi thought that he had completed his task.

2. অতীতের দু'টি কাজের মধ্যে দ্বিতীয়টি শুরু হবার পূর্বে প্রথমটি হয়েছিল বুঝাতে When এরপরে Past Perfect Tense ব্যবহৃত হয়।

When we had reached, Fariha served us food.

3. অতীতের দু'টি কাজ একসাথে সম্পন্ন হয়েছিল বুঝালে When এরপরে Past Perfect Tense ব্যবহৃত হয়।

When Rafi had done the task, we forwarded it to the team.

4. অতীতের দু'টি কাজের মধ্যে প্রথম কাজটি হয়ে যাবার পর দ্বিতীয় কাজটি শুরু হয়েছিল বুঝালে Till, until, now that, as soon as ইত্যাদি যুক্ত Clause টি Past Perfect Tense এ ব্যবহৃত হয়।

As soon as we had met, we sat down for a meeting.

**iii. Past Perfect Continuous Tense:** অতীতকালে কোনো ঘটনা কিছু সময় আগে শুরু হয়ে বলার মুহূর্তে চলছিল বোঝাতে Past Perfect Continuours Tense ব্যবহৃত হয়।

**Structure:** Subject+ had been+ মূল Verb এর Present form এর শেষে ing+ Extension

**Past Perfect Continuous Tense এর ব্যবহারঃ**

1.
এ Tense ব্যবহারের সময় তিনটি জিনিসের প্রতি খেয়াল রাখতে হবেঃ
(a) অতীতকালে দুটি কাজই হয়েছিল।
(b) তাদের মধ্যে একটি পূর্বে এবং অপরটি পরে হয়েছিল।
(c) যেটি পূর্বে সম্পন্ন হয়েছিল সেটি দীর্ঘ সময় ধরে চলছিল।

Hemel had been telling a story when I saw him.

2. Past Perfect Tense এর repeated action বুঝাতেঃ

**Past perfect:** He had applied repeatedly to get the job.
**Past perfect continuous:** He had been applying to get the job.

**Future Tense চার প্রকারঃ**

**i. Future Indefinite Tense:** ভবিষ্যতে কোনো কাজ সাধারণভাবে ঘটবে বোঝাতে Future Indefinite Tense ব্যবহৃত হয়।

**Structure:** Subject+ shall/ will+ মূল Verb এর Present form+ Extension

**Future Indefinite Tense এর ব্যবহারঃ**

1.
বক্তার ভবিষ্যৎ সম্পর্কিত মতামত, ধারনা ও অনুমান প্রকাশ করতেঃ এ সমস্ত ক্ষেত্রে নিম্নলিখিত Verb গুলি ব্যবহৃত হতে পারেঃ assume, be afraid, be/ feel, sure, believe, daresay, doubt, expect, hope, know, suppose, think, wonder, perhaps, probably, sure ইত্যাদি Adverb ও ব্যবহৃত হতে পারে।

I believe he will call me back.

2. Future habitual actions যা ভবিষ্যতে সংঘটিত হবে বুঝাতেঃ

Birds will chirp again in the morning.

3. Auxiliary verbs, verbs of the sense, of emotion, thinking, possessing যে গুলির সাধারণতঃ Continuous tense এ ব্যবহৃত হয় না সে গুলি প্রকাশ করতেঃ

He will hear the birds sing.

4. ভবিষ্যতের পরিকল্পনার আনুষ্ঠানিক ঘোষণা এবং আবহাওয়া পূর্বাভাস খবরের কাগজ এবং সংবাদ প্রচারের মাধ্যমেঃ

The new president will start office tomorrow.

**ii. Future Continuous Tense:** ভবিষ্যতে কোনো কাজ ঘটতে থাকবে বোঝাতে Future Continuous Tense ব্যবহৃত হয়।

**Structure:** Subject+ shall be/ will be+ মূল Verb এর সাথে ing+ Extension

**Future Continuous Tense এর ব্যবহারঃ**

1. Verb এর কোন কাজ ভবিষ্যতে সম্পূর্ণ সময়ের সবটা ধরে চলবে বুঝাতেঃ

I will be playing all evening.

2. ভবিষ্যতের কোন কাজ নির্দিষ্ট বা ব্যাপক সময়ের পূর্বে আরম্ভ হয়ে পরেও চলতে থাকবে বুঝাতেঃ

The meeting head will be coming within a few hours.

3. পরিকল্পনা বা নির্ধারিত ব্যবস্থার অংশরূপে ভবিষয়তে কোন কাজ চলতে থাকবে বুঝাতেঃ

Faria will be sleeping late everyday next week.

**iii. Future Perfect Tense:** ভবিষ্যতে কোনো কাজ শেষ হওয়ার পর তার ফলাফল বর্তমান থাকবে বোঝাতে Future Perfect Tense ব্যবহৃত হয়।

**Structure:** Subject+ shall have/ will have+ মূল Verb এর past participle form+ Extension

**Future Perfect Tense এর ব্যবহারঃ**
1. ভবিষ্যত কালের দু'টি কাজের মধ্যে যে কাজটি অপেক্ষাকৃত পূর্বে শেষ হয়ে থাকবে বুঝায় সেটির Future Perfect Tense এবং বাকী কাজটি Present Indefinite/ Future Indefinite হয়।

He will have completed his exam before she calls.

2. কখনও কখনও ভবিষ্যতের সম্ভাবনা বা অনুমান বুঝাতেঃ

She will have arrived at your home.

3. সময় জ্ঞাপক শব্দ যেমন- by, by then, by that time, by the 10th etc দ্বারা Future Perfect Tense প্রকাশ করা হয়।
By the end of the next year he will have been completed his degree.

**iv. Future Perfect Continuous Tense:** Future Perfect Tense এর মত Future Perfect Continuous Tense ও by যুক্ত time expression এর সাথে ব্যবহৃত হয়।

**Structure:** Subject+ shall have been/ will have been+ মূল Verb এর সাথে ing+ Extension

By next year, he will have been studying in London for a decade.